

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১৫৩, পাইনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.gsb.gov.bd

ফেসবুক পেজ: www.facebook.com/bangladeshgeologicalsurvey

স্মারক নম্বর : ২৮.০৫.০০০০.০১০.০৪.০০৪.১৮. ৩৩৮৭

১৪ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ
২৯ ডিসেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) এর ইনোভেশন টিম এর ৫২ তম সভার কার্যবিবরণী।

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের লক্ষ্যে গঠিত ইনোভেশন টিমের ৫২ তম সভা গত ২৪ ডিসেম্বর, ২০১৯ খ্রি: তারিখ, রোজ মঙ্গলবার সকাল ১২.৩০ ঘটিকায় টিমের সভাপতি জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) এর সভাপতিত্বে অধিদপ্তরের ৪২৯ নম্বর কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংলগ্নী-ক হিসাবে সংযুক্ত করা হলো।

২.০. আলোচনা:

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি ইনোভেশন টিমের সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার প্রারম্ভে ইনোভেশন টিমের সদস্য সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়। উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের জন্য বিয়াম ফাউন্ডেশন, কক্সবাজারকে পরিকল্পনা ও বাস্তবায়ন শাখার মাধ্যমে পত্র প্রেরণ করা হয়েছিল। ইনোভেশন টিমের সভাপতি মহোদয় বিয়াম ফাউন্ডেশন, কক্সবাজার এর সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে টেলিফোন মারফত আলাপ করে জানতে পারেন যে, উক্ত সময়ে বিয়াম ফাউন্ডেশন, কক্সবাজারে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামটি আয়োজন করা সম্ভব নয়। এমতাবস্থায়, নলেজ শেয়ারিং এর জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের দপ্তর/সংস্থার প্রতিনিধিগণকে নিয়ে আগামী ২৩ মার্চ, ২০২০ সময়ে জিএসবিতে প্রোগ্রামটি আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। উদ্ভাবন পরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব মূল্যায়ন প্রতিবেদন ১৫ জানুয়ারি, ২০২০ এর মধ্যে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। জিএসবি'র শাখা প্রধানগণের অবগতি ও মতামতের জন্য ২০১৯-২০২০ অর্থবছরে গৃহীত দুইটি উদ্ভাবনী কর্মপরিকল্পনার অগ্রগতি বিষয়ে আইডিয়া প্রদানকারী টিম কর্তৃক উপস্থাপনা আগামী ১৫ জানুয়ারি, ২০২০ তারিখের মধ্যে সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়।


৩.০ সিদ্ধান্তসমূহ: বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:


৩.১. বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর ক্রম ৯.২ অনুযায়ী উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ বাস্তবায়নের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের দপ্তর/সংস্থা সমূহ (জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বিপিআই, বিএমডি, হাইড্রোকার্বন ইউনিট, বিস্ফোরক পরিদপ্তর, বাপেক্স এর প্রতিনিধিগণকে নিয়ে আগামী ২৩/০৩/২০২০ তারিখে জিএসবিতে নলেজ শেয়ারিং প্রোগ্রাম আয়োজন করা হবে।

৩.২. ইনোভেশন টিমের সদস্যগণ কর্তৃক উদ্ভাবন পরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব মূল্যায়ন প্রতিবেদন আগামী ১৫ জানুয়ারি, ২০২০ এর মধ্যে প্রস্তুত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩.৩. জিএসবি'র শাখা প্রধানগণের অবগতি ও মতামতের জন্য ২০১৯-২০২০ অর্থবছরে গৃহীত দুইটি উদ্ভাবনী কর্মপরিকল্পনার অগ্রগতি বিষয়ে আইডিয়া প্রদানকারী টিম কর্তৃক উপস্থাপনা আগামী ১৫ জানুয়ারি, ২০২০ তারিখের মধ্যে সম্পন্ন করা হবে।

৪.০. সভাপতি ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

জারীকৃত
স্বাক্ষর: 
তারিখ-২০১৯-১২-২৯


(সাইদুল হোসেন)
পরিচালক (ভূতত্ত্ব)
সভাপতি, ইনোভেশন টিম, জিএসবি
ফোনঃ ৫৮৩১২২১৬৮
E-mail: hossain747@gmail.com


স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.০১০.০৪.০০৪.১৮.

তারিখ: ১৪ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ

২৯ ডিসেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব), সভাপতি, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।
- ২) জনাব মঈন উদ্দীন আহমেদ, পরিচালক (অপারেশন ও সমন্বয়), জিএসবি, ঢাকা।
- ৩) জনাব মোহাম্মদ আব্দুল আজিজ পাটোয়ারী, পরিচালক (পেরিকল্পনা ও বাস্তবায়ন), জিএসবি, ঢাকা।
- ৪) জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।
- ৫) জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।
- ৬) জনাব খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌশল), সদস্য, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।
- ৭) জনাব মোঃ ফারুক হাছান, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।
- ৮) জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্যসচিব, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।
- ৯) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জিএসবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০) নথিতে সংরক্ষণের জন্য।


(রাজিব কুমার সাহা)
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)
সদস্য সচিব
ইনোভেশন টিম, জিএসবি